দৈনিক বাংলা

28 JUN 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

27

### ছয় তারিখ ক্লাশ শুরুর সিদ্ধান্ত

# ঢাকা ভার্সিটি ১লা জুলাই খুলছে না : সিণ্ডিকেটে পরিস্থিতি আলোচনা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ১লা জুলাইয়ের পরিবর্তে আগামী ৬ই জুলাই খুলবে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিশদ আলোচনা হয়। ভাইস চ্যান্সেলর সিন্ডিকেট সদস্যদের জানান, ছাত্র-ছাত্রীরা এখন যেহেতু ক্যাম্পাসে নেই তাই আগামী ১লা জুলাই পূর্ব ঘোষণা মত বিশ্ববিদ্যালয় খুললে কি অবস্থা হতে পারে তা এখনো স্পষ্ট বুঝা যাচ্ছে না। তাছাড়া বিশ্ববিদ্যালয় খোলার আগে ছাত্র সংগঠনগুলির নেতৃবৃন্দের সঙ্গে আলাপ-আলোচনা করা প্রয়োজন। ছাত্র নেতৃবৃন্দের অধিককাংশ এখন ঢাকার বাইরে।

আলাচনার পর সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাশ আগামী ৬ই জুলাই থেকে শুরু কারার সিদ্ধান্ত নেয়া হয়। আবাসিক হলগুলি ক্লাশ শুরুর একদিন আগে ৫ই জুলাই ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হবে।

সভায় বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপারে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ও হল প্রশাসনের মধ্যে অতি শীঘ্র এই বৈঠক অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়।